# <u>প্রেস বিজ্ঞপ্তি</u>

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৭৪টি প্রতিষ্ঠানকে ৪.৬৫ লক্ষ টাকা জরিমানা

**<u>১৮ এপ্রিল ২০১৯ খ্রি:</u>**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৩২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম মহানগর, ময়মনসিংহ, রংপুর, পঞ্চগড়, মৌলভীবাজার, সিরাজগঞ্জ, পটুয়াখালী, ফেনী, ঝিনাইদহ, নোয়াখালী, খুলনা, বাগেরহাট, নড়াইল, যশোর, বগুড়া, জয়পুরহাট, চুয়াডাঙ্গা, গাইবান্ধা, নীলফামারী, কুড়িগ্রাম, রাজশাহী ও কক্সবাজারে বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব শাহনাজ সুলতান, জনাব ফাহমিনা আক্তার, জনাব রজবী নাহার রজনী ও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক আদাবর, শেরে বাংলা নগর ও তেজগাঁও এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে চাইনিজ নিউ প্লাজা হোটেল এন্ড রেস্টুরেন্ট, খানদানি ভোজ রেস্টুরেন্টকে যথাক্রমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বিসমিল্লাহ স্টোর, ইনসাফ মেডিকেল, মেসার্স আল্লার দান স্টোর, রাব্বি স্টোর ও কাশফুল কনফেকশনারীকে যথাক্রমে ৮,০০০/- (আট হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৮,০০০/- (আট হাজার) টাকা, ৭,০০০/- (সাত হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রির অপরাধে মেসার্স রেজওয়ান ফার্মেসী, মাসুম ফার্মেসী, তাজ ফার্মেসী, খান মেডেসিন কর্ণারকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ওজনে কারচুপির অপরাধে স্বপ্নকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ইমরান হোসেন ভ্যারাইটিজ স্টোর, আল্লাহর রহমত মাংসের দোকানকে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট **১,৬৫,০০০/- (এক লক্ষ পঁয়ষট্টি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক জনাব প্রনব কুমার প্রামানিক কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর ওয়ারী এলাকায় পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে **২টি** প্রতিষ্ঠানকে **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী **২৭টি** বাজার তদারকির মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপির, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে **৫৩টি** প্রতিষ্ঠানকে **২,৩৬,৫০০/- (দুই লক্ষ ছত্রিশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে **৫টি** প্রতিষ্ঠানকে **৬২,০০০/- (বাষট্টি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৫ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১৫,৫০০/- (পনের হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

গত ১৮ এপ্রিল ২০১৯ তারিখে **৩২টি** বাজার তদারকি ও **৫টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৭৪টি** প্রতিষ্ঠানকে মোট **৪,৬৫,০০০/- (চার লক্ষ পঁয়ষট্টি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানা হতে **৫ জন** অভিযোগকারীকে **১৫,৫০০/- (পনের হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
আফরোজা রহমান
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

প্রাপক,

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/ দৈনিক আমাদের অর্থ নীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/ভোক্তা কন্ঠ.কম/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে(তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।